দর্শন বিভাগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# দর্শন ছাত্র সংসদের গঠনতন্ত্র-২০২৪

**প্রস্তাবনা**

বৈষম্যবিরোধী ছাত্র জনতার আন্দোলনে অনেক ত্যাগের বিনিময়ে বাংলাদেশের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। রাষ্ট্রীয় সকল প্রতিষ্ঠানে শোষণ, অত্যাচার, ফ্যাসিবাদ ও বৈষম্যবিরোধী গণ আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটবে এই দাবি এখন ছাত্র জনতার। ছাত্র-জনতার সফল আন্দোলন পরবর্তী সময়ে দর্শন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর প্রথম বিভাগীয় সভায় দর্শন ছাত্র সংসদ নির্বাচন-২০২৪ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং একটি নির্বাচন কমিশন গঠন হয়। নির্বাচন কমিশন তৎপরতার সাথে তার কাজ শুরু করে এবং বৈষম্যবিরোধী ছাত্র জনতার আকাঙ্ক্ষাকে ধারণ করে **দর্শন ছাত্র সংসদের গঠনতন্ত্র-২০২৪** প্রণয়ণের কাজ সম্পাদন করে।

**(১) সংসদের নাম:**

"দর্শন ছাত্র সংসদ" এবং ইংরেজিতে Philosophy Student Union (PSU) নামে পরিচিত হবে।

**(২) সংসদের উদ্দেশ্য ও লক্ষ্য:**

(ক) দর্শন ছাত্র সংসদ একটি নির্দলীয় শিক্ষা সহায়ক সংগঠন হিসেবে বিবেচিত হবে।

(খ) বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সাংস্কৃতিক ও বুদ্ধিবৃত্তিক কর্মকাণ্ডের মাধ্যমে নেতৃত্বের উন্মেষ ঘটাতে সহায়তা করবে।

(গ) শিক্ষার্থীদেরকে সিলেবাস বর্হিভূত অন্যান্য জ্ঞান ও দক্ষতা অর্জনে তাদের শারিরীক, মানসিক ও চিন্তাগত উন্নয়নে দর্শন ছাত্র সংসদ কার্যকর ভূমিকা রাখবে।

**(৩) কার্যালয়:**

দর্শন ছাত্র সংসদের কার্যালয় হবে দর্শন বিভাগ।

**(৪) দর্শন ছাত্র সংসদের উদ্দেশ্য ও কার্য-পরিধি:**

দর্শন বিভাগের সহশিক্ষা কার্যক্রমের (Co-Curricular Activities) আওতাভূক্ত সকল প্রকারের কার্যাদি পরিচালনা সংক্রান্ত বিষয় সংসদের কার্যাবলীর অধীনে থাকবে এবং এ ধরনের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করাই এ সংসদের প্রধান উদ্দেশ্য ও লক্ষ্য হিসেবে বিবেচিত হবে। সহশিক্ষা কার্যক্রম বলতে বুঝায়:

- প্রবেশিকা অনুষ্ঠান আয়োজন করা

- নবীনবরণ অনুষ্ঠান আয়োজন করা
- স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান আয়োজন করা
- বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা
- বিভাগে অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন এবং বিশ্ববিদ্যালয় ও আন্তঃবিশ্ববিদ্যালয়ের ক্রীড়া প্রতিযোগীতায় অংশগ্রহণ করা
- শিল্প, সাহিত্য, সংস্কৃতি ও বুদ্ধিবৃত্তিক চর্চার জন্য একাডেমিক পরিমণ্ডলে অনুকূল পরিবেশ সৃষ্টি করা
- দেশে ও বিদেশে শিক্ষা সফর ও বনভোজনের আয়োজন করা
- দর্শন বিষয়ে পাঠ চক্র, প্রকাশনা, সেমিনার, সিম্পোজিয়াম, সংগীত ও আবৃত্তির আয়োজন করা
- বিতর্ক দল গঠন করা, বিতর্ক অনুশীলনসহ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের আয়োজন করা
- সমাজকল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনাসহ বিভাগ কর্তৃক আয়োজিত যে কোন অনুষ্ঠান আয়োজনে সহায়তা করা
- উল্লেখিত কর্ম সম্পাদনে সহায়তা পেতে বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থার সাথে যোগাযোগ স্থাপন ও যোগাযোগ রক্ষা করা।

**(৫) দর্শন ছাত্র সংসদের সদস্যপদ**

দর্শন বিভাগের স্নাতক সম্মান ও স্নাতকোত্তর শ্রেণীর সকল শিক্ষার্থী দর্শন ছাত্র সংসদের সদস্য হবেন।

**(৬) দর্শন ছাত্র সংসদের আয়ের উৎস**

(ক) বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত অর্থ

(খ) প্রাক্তন শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত অনুদান।

গ) অন্য কোন উৎস হতে প্রাপ্ত অনুদান।

**(৭) দর্শন ছাত্র সংসদের সভাপতি, ভারপ্রাপ্ত শিক্ষক ও ক্রীড়া শিক্ষককের দায়িত্ব**

**ক. দর্শন ছাত্র সংসদের সভাপতি**

বিভাগের সভাপতি পদাধিকার বলে দর্শন ছাত্র সংসদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি সংসদের বিভিন্ন কার্যক্রম অনুমোদন ও তত্ত্বাবধায়ন করবেন। গঠনতন্ত্রে বর্ণিত নেই এমন কোন ক্ষেত্রে তিনি সংসদের কার্যকরী কমিটিকে পরামর্শ এবং প্রয়োজনবোধে সিদ্ধান্ত প্রদান করতে পারেন। এক্ষেত্রে সিদ্ধান্তের বিষয়টি বিভাগীয় কমিটির পরবর্তী সভায় অবহিত করবেন। তিনি দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষকের সুপারিশকৃত সংসদের খসড়া বাজেট, বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন ও বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদনের জন্য বিভাগীয় কমিটির নিকট উপস্থাপন করবেন।

**খ. দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষক**

বিভাগের একজন শিক্ষক বিভাগীয় কমিটির অনুমোদনক্রমে দুই বছরের জন্য দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি সংসদের সকল কর্মকাণ্ডের সাথে সরাসরি সম্পৃক্ত থাকবেন। সংসদের যৌথ ব্যাংক একাউন্ট পরিচালনাসহ সংসদের আয়ের বিষয়ে তিনি বিভাগীয় কমিটির গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করার উদ্যেগ গ্রহণ করবেন। তিনি সকল খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে ছাত্র সংসদের সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও সংশ্লিষ্ট সম্পাদককে পরামর্শ ও নির্দেশনা প্রদান করবেন। তবে ক্রীড়া খাতে অর্থ-ব্যয় বিষয়ে প্রয়োজনবোধে ক্রীড়া শিক্ষকের সাথে আলোচনা করে সমন্বয় করে নেবেন। দর্শন ছাত্র সংসদের সাধারণ সভায় গৃহীত খসড়া বাজেট, বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন ও বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী বিভাগের সভাপতির নিকট উপস্থাপন করবেন।

**গ. দর্শন ছাত্র সংসদের ক্রীড়া শিক্ষক**

বিভাগের একজন শিক্ষক বিভাগীয় কমিটির অনুমোদনক্রমে দুই বছরের জন্য ক্রীড়া শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি বিভাগের ক্রীড়া কার্যক্রম সক্রিয়ভাবে পরিচালনা করবেন এবং এর উন্নতিকল্পে পরিকল্পনা প্রণয়ন ও পরামর্শ প্রদান করবেন। এ খাতের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে তিনি ছাত্র সংসদের সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, ক্রীড়া সম্পাদককে পরামর্শ ও নির্দেশনা প্রদান করবেন।

**(৮) দর্শন সংসদ কার্যকরী কমিটি গঠন**

**ক. দর্শন ছাত্র সংসদের কার্যকরী কমিটির পদ বিন্যাস:**

দর্শন ছাত্র সংসদের কার্যকরী কমিটি নিম্নোল্লিখিত পদসমূহের দ্বারা বিন্যস্ত হবে। যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীগণ উল্লেখিত পদসমূহের বিপরীতে নির্বাচিত হবেন।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | প্রযোজ্য বর্ষ |
|---|---|---|---|
| ১ | সহ-সভাপতি | ১ জন | স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী |
| ২ | সাধারণ সম্পাদক | ১ জন | স্নাতক সম্মান ৪র্থ পর্বের শিক্ষার্থী |
| ৩ | সহ-সাধারণ সম্পাদক | ১ জন | স্নাতক সম্মান ৩য় পর্বের শিক্ষার্থী |
| ৪ | কোষাধ্যক্ষ | ১ জন | স্নাতক সম্মান ৪র্থ পর্বের শিক্ষার্থী |
| ৫ | ক্রীড়া বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ৪র্থ পর্বের শিক্ষার্থী |
| ৬ | ক্রীড়া বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ৩য় পর্বের শিক্ষার্থী |
| ৭ | সাহিত্য বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ৪র্থ পর্বের শিক্ষার্থী |
| ৮ | সাহিত্য বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ২য় পর্বের শিক্ষার্থী |
| ৯ | পাঠাগার বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ৩য় পর্বের শিক্ষার্থী |
| ১০ | পাঠাগার বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ১ম পর্বের শিক্ষার্থী |
| ১১ | সংস্কৃতি বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী |

| | | | |
|---|---|---|---|
| ১২ | সংস্কৃতি বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ২য় পর্বের শিক্ষার্থী |
| ১৩ | তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক | ১জন | স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী |
| ১৪ | তথ্য ও প্রযুক্তিবিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ১ম পর্বের শিক্ষার্থী |
| ১৫ | ক্যারিয়ার বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী |
| ১৬ | ক্যারিয়ার বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ২য় পর্বের শিক্ষার্থী |
| ১৭ | সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ৪র্থ পর্বের শিক্ষার্থী |
| ১৮ | সমাজকল্যাণ বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ১ম পর্বের শিক্ষার্থী |
| ১৯ | প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ৩য় পর্বের শিক্ষার্থী |
| ২০ | প্রচার ও প্রকাশনা বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ১ম পর্বের শিক্ষার্থী |
| ২১ | গবেষণা ও দপ্তর বিষয়ক সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ৩য় পর্বের শিক্ষার্থী |
| ২২ | গবেষণা ও দপ্তর বিষয়ক সহ-সম্পাদক | ১জন | স্নাতক সম্মান ২য় পর্বের শিক্ষার্থী |
| ২৩ | কার্যকরী সদস্য | ১জন | স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী |
| ২৪ | কার্যকরী সদস্য | ১জন | স্নাতক সম্মান ৪র্থ পর্বের শিক্ষার্থী |
| ২৫ | কার্যকরী সদস্য | ১জন | স্নাতক সম্মান ৩য় পর্বের শিক্ষার্থী |
| ২৬ | কার্যকরী সদস্য | ১জন | স্নাতক সম্মান ২য় পর্বের শিক্ষার্থী |
| ২৭ | কার্যকরী সদস্য | ১জন | স্নাতক সম্মান ১ম পর্বের শিক্ষার্থী |
| ২৮ | শ্রেণী প্রতিনিধি | ১জন | স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী |
| ২৯ | শ্রেণী প্রতিনিধি | ১জন | স্নাতক সম্মান ৪র্থ পর্বের শিক্ষার্থী |
| ৩০ | শ্রেণী প্রতিনিধি | ১জন | স্নাতক সম্মান ৩য় পর্বের শিক্ষার্থী |
| ৩১ | শ্রেণী প্রতিনিধি | ১জন | স্নাতক সম্মান ২য় পর্বের শিক্ষার্থী |
| ৩২ | শ্রেণী প্রতিনিধি | ১জন | স্নাতক সম্মান ১ম পর্বের শিক্ষার্থী |

### খ. কার্যকরী কমিটির গঠন প্রক্রিয়া সংক্রান্ত নীতিমালা

(১) দর্শন ছাত্র সংসদের প্রার্থী হিসেবে মনোনীত হওয়ার জন্য সকল সদস্যকে দর্শন বিভাগের সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

(২) কোন একটি স্নাতকোত্তর শ্রেণীর চুড়ান্ত পরীক্ষার সময়সুচী ঘোষিত হলে কিংবা চুড়ান্ত পরীক্ষাটি নির্বাচনের তারিখ থেকে তিন মাসের মধ্যে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকলে উক্ত স্নাতকোত্তর শ্রেণীকে নির্বাচনে অংশগ্রহণ কিংবা কার্যকরী কমিটিতে অর্ন্তভূক্ত করা যাবেনা। তিন মাসের মধ্যে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনার বিষয়টি বিভাগীয় সভাপতি ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতির মাধ্যমে নির্বাচন পরিচালনা কমিটিকে নিশ্চিত করতে হবে।

(৩) সহ-সভাপতির সংশ্লিষ্ট বর্ষের মৌখিক পরীক্ষাসহ কোর্স সমূহের পরীক্ষা সমাপ্ত হলে তার পদটি বিলুপ্ত হবে এবং পরবর্তী বর্ষের কার্যকরী সদস্য হিসেবে ইতোমধ্যে নির্বাচিত সদস্য সংসদের বাকী মেয়াদের জন্য ভারপ্রাপ্ত

সহ-সভাপতির অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। বিভাগের সভাপতি সংসদের ভারপ্রাপ্ত শিক্ষকের সুপারিশে কার্যকরী সদস্যকে ভারপ্রাপ্ত সহ-সভাপতি পদে নিয়োগ প্রদান করবেন।

(৪) কোন শিক্ষার্থী কোন নির্দিষ্ট পদে একাধিকবার নির্বাচন করতে পারবেন না। এছাড়া নির্বাচিত কোন শিক্ষার্থী কোন কারণে যদি রিপিটার হন এবং পরবর্তী নির্বাচনের সময়ে একই বর্ষেই অধ্যয়নরত থাকেন তবে তিনি প্রার্থী হতে পারবেন না।

(৫) দুজন শ্রেণী প্রতিনিধিদের মধ্য থেকে যিনি সর্বোচ্চ ভোট প্রাপ্ত তিনি কার্যকরী সদস্য হিসেবে মনোনীত হবেন। যদি সর্বোচ্চ ভোট প্রাপ্ত শ্রেণী-প্রতিনিধি অন্য কোন পদের জন্য প্রার্থী হন এবং নির্বাচিত হন তবে দ্বিতীয় সর্বোচ্চ ভোট প্রাপ্ত শ্রেণী-প্রতিনিধি কার্যকরী সদস্য হিসেবে মনোনীত হবেন। যদি তিনিও নির্বাচনে কোনো পদে প্রার্থী হন এবং নির্বাচিত হন তবে পরবর্তীতে স্বল্পতম সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষাবর্ষ থেকে সেই শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ভোটের মাধ্যমে একজন শিক্ষার্থী কার্যকরী সদস্য হিসেবে মনোনীত হবেন।

## গ. কার্যকরী কমিটির বিভিন্ন পদের দায়িত্ব সমূহ

### (ক) সহ-সভাপতি

দর্শন ছাত্র সংসদের সকল প্রকার নীতিনির্ধারণীমূলক সিদ্ধান্ত ফলপ্রসূ করতে সহ-সভাপতি কার্যকর ভূমিকা পালন করবেন। সহ-সভাপতি সংসদের কার্যনিবাহী কমিটির সভা আহবানের ও অনুমোদনের দায়িত্ব পালন করবেন। তিনি বাজেট প্রণয়ন, বিভিন্ন অনুষ্ঠান, খেলাধুলা আয়োজন সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা প্রণয়ন করবেন। তিনি অন্যান্য সকল পদের দায়িত্ব সম্পর্কে এবং পদসমূহে নির্বাচিত সদস্যদের কর্ম সম্পাদন বিষয়ে পূর্ণ ধারণা রাখবেন। সহ-সভাপতি হিসেবে গঠনতন্ত্রকে সমুন্নত রাখবেন ও অন্যদেরকে সমুন্নত রাখতে সহায়তা করবেন। সকল কার্যকরী সদস্য ও সম্পাদকবৃন্দ গঠনতন্ত্রে বর্ণিত নিজ নিজ দায়িত্ব সম্পর্কে সচেতন কিনা তা সহ-সভাপতি নিশ্চিত করবেন। বিভাগ ও শিক্ষার্থীদের সার্বিক উন্নয়নে সকল সদস্য যেন এক বডি হিসেবে কাজ করতে পারেন সেজন্য তিনি সকলের সুন্দর আন্তঃসম্পর্ক টিকিয়ে রাখতে জোরালো ভূমিকা রাখবেন ও সকল কাজে সমন্বয় করবেন। তিনি প্রতি শিক্ষাবর্ষের পনের জুনের মধ্যে সংসদের বার্ষিক প্রতিবেদন দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষকের নিকট উপস্থাপন করবেন।

### (খ) সাধারণ সম্পাদক

সাধারণ সম্পাদক ছাত্র সংসদের মুল চালিকা শক্তি হিসেবে বিবেচিত হবেন। তিনি সহ-সভাপতির উপর ন্যাস্ত কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন । তিনি সহ-সভাপতির অনমোদনক্রমে সংসদের সভা আহবান করতে পারবেন। সংসদের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, দাপ্তরিক কাজ সম্পাদনসহ সংসদের টাকায় ক্রয়কৃত বিভিন্ন উপকরণাদি সংরক্ষণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সম্পাদকবৃন্দের প্রয়োজনীয় সহযোগীতা করবেন। সাধারণ সম্পাদক সভাপতি ও ভারপ্রাপ্ত শিক্ষকের অনুমোদন স্বাপেক্ষে সহ-সভাপতি ও সংশ্লিষ্ট সম্পাদকগণকে নিয়ে সংসদ কর্তৃক আয়োজিত যে কোন অনুষ্ঠানের ব্যয় নির্বাহের দায়িত্ব পালন করবেন। প্রতি শিক্ষাবর্ষের পনের জুনের

মধ্যে তিনি সহ-সভাপতির সম্মতিসূচক স্বাক্ষরসহ বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী সংসদের ভারপ্রাপ্ত শিক্ষকের নিকট উপস্থাপন করবেন।

**(গ) সহ-সাধারণ সম্পাদক**

সহ-সাধারণ সম্পাদক দর্শন ছাত্র সংসদের সহ-সভাপতি ও সাধারণ সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন ও তাদের কার্য সম্পাদনে সহযোগী হিসেবে দায়িত্ব পালন করবেন। দর্শন ছাত্র সংসদের সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তিনি ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(ঘ) কোষাধ্যক্ষ**

সংসদের বিভিন্ন উপলক্ষ্যে খরচকৃত অর্থের খাতসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ করবেন ও সংসদের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করবেন। আয়-ব্যয় সংক্রান্ত কোনো পরামর্শ থাকলে সাধারণ সম্পাদককে অবহিত করবেন। সহ-সভাপতি কর্তৃক বাজেট প্রণয়ন, বিভিন্ন অনুষ্ঠান, খেলাধুলা আয়োজন সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা প্রণয়নে কোষাধ্যক্ষ তাকে সর্বাত্মক সহযোগীতা করবেন। খরচের সকল ভাউচার গবেষণা ও দপ্তর বিষয়ক সম্পাদকের কাছে সংরক্ষণের জন্য প্রদান করবেন।

**(ঙ) ক্রীড়া বিষয়ক সম্পাদক**

বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত ক্রীড়া প্রতিযোগীতায় বিভাগের অংশগ্রহণের যাবতীয় কর্মকাণ্ডে ক্রীড়া সম্পাদক দায়িত্ব পালন করবেন। এ ছাড়া প্রতিযোগীতায় অংশগ্রহণের প্রস্তুতিমূলক যাবতীয় কাজ ক্রীড়া সম্পাদক সম্পাদন করবেন। বিভাগ কর্তৃক আয়োজিত ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করবেন। সংসদের বার্ষিক বাজেট অনুযায়ী ক্রীড়া খাতের বরাদ্দকৃত টাকার ব্যয়-কার্য ক্রীড়া শিক্ষকের পরামর্শ ও নির্দেশনা মোতাবেক সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক সহযোগে সম্পাদন করবেন।

**(চ) ক্রীড়া বিষয়ক সহ-সম্পাদক**

ক্রীড়া বিষয়ক সহ-সম্পাদক সংসদের ক্রীড়া বিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে দায়িত্ব পালন করবেন। ক্রীড়া বিষয়ক সম্পাদকের অনুপস্থিতে সংসদের ভারপ্রাপ্ত ক্রীড়া বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(ছ) সাহিত্য বিষয়ক সম্পাদক**

সাহিত্য বিষয়ক সম্পাদক দর্শন বিভাগের শিক্ষার্থীদের সাহিত্যিক প্রতিভা বিকাশে ভূমিকা রাখবেন। সাহিত্য সংশ্লিষ্ট কর্মকাণ্ড যেমন শিক্ষার্থী জার্নাল, স্মরণিকা, পত্রিকা, দেয়ালিকা প্রকাশ করবেন। বিভাগের শিক্ষার্থীদের মধ্যে যারা লেখক, কবি, প্রবন্ধকার তাদের সাথে নিরবচ্ছিন্ন যোগাযোগ রাখবেন এবং সংসদের পক্ষ থেকে লিখতে উৎসাহিত করবেন এবং একটি সম্পাদনা পর্ষদ গঠনে উদ্যোগ নেবেন। এছাড়া পাঠচক্রের আয়োজন,

লেখা আহ্বান,  সেমিনার, সিম্পোজিয়াম আয়োজন করবেন। বিতর্ক টিম গঠন, বিতর্ক প্রতিযোগীতার আয়োজন করা এবং বিতর্ক প্রতিযোগীতায় অংশগ্রহণের উদ্যেগ গ্রহণ করবেন।

**(জ) সাহিত্য বিষয়ক সহ-সম্পাদক**

সাহিত্য বিষয়ক সহ-সম্পাদক সংসদের সাহিত্য বিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে কাজ করবেন। তার অনুপস্থিতিতে সংসদের ভারপ্রাপ্ত সাহিত্য বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(ঝ) পাঠাগার বিষয়ক সম্পাদক**

পাঠাগার বিষয়ক সম্পাদক বিভাগের পাঠাগার তথা সেমিনার লাইব্রেরীর উন্নয়নে পরামর্শ প্রদান, পাঠাগারের বইয়ের স্বল্পতা, নতুন বইয়ের প্রয়োজনীয়তা, যথাযথ ক্যাটালগ ব্যাবস্থা ও পাঠাগারের অভ্যন্তরীন পরিবেশ যেমন আসন সংখ্যা,  পাঠকক্ষে নিরবতা, ই-বুক প্রাপ্তি, সেমিনারে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সার্ভিস প্রদান বিষয়ে শিক্ষার্থীদের চাহিদা তুলে ধরবেন। পাঠাগার বিষয়ক যৌথ স্টাডি করার মাধ্যমে শিক্ষার্থীদের চাহিদাপত্র প্রস্তুতকরন ও পাঠাগার আধুনিকায়ন করার ব্যাপারে প্রস্তাবনা তুলে ধরবেন। বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট অনুযায়ী পাঠাগার খাতে বরাদ্দকৃত টাকায় বই কেনার প্রাক্কালে ভারপ্রাপ্ত শিক্ষককে (সেমিনার লাইব্রেরী) শিক্ষার্থীদের পক্ষ থেকে প্রাপ্ত চাহিদা তুলে ধরবেন।

**(ঞ) পাঠাগার বিষয়ক সহ-সম্পাদক**

পাঠাগার বিষয়ক সহ-সম্পাদক পাঠাগার বিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে কাজ করবেন। পাঠাগার বিষয়ক সম্পাদকের অনুপস্থিতে সংসদের ভারপ্রাপ্ত পাঠাগার বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(ট) সংস্কৃতি বিষয়ক সম্পাদক**

সংস্কৃতি বিষয়ক সম্পাদক দর্শন বিভাগের সংস্কৃতি বিষযক চর্চার ক্ষেত্র প্রস্তুত করবেন। যেখানে সংস্কৃতির পেছনের ইতিহাস ও দর্শনকে সামনে রেখে সংস্কৃতি বিষয়ে সচেতনতা সৃষ্টিতে ভূমিকা রাখবেন। বিভাগে বিভিন্ন সাংস্কৃতিক ক্রিয়াকলাপ সংগঠনে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করবেন। দেশের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নীতিমালা অধ্যয়ন পূর্বক এর কার্যাবলীর সাথে বিভাগকে যুক্ত করার চেষ্টা করবেন। মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন আর্ন্তজাতিক কালচারাল এক্সচ্যাঞ্জ প্রোগ্রামে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করবেন। বিভাগ বা সংসদ কর্তৃক আয়োজিত সকল ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনার দায়িত্ব পালন করবেন। প্রবেশিকা ও নবীনবরণ, স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থীদের বিদায় ও বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহের সাংস্কৃতিক পর্বকে আকর্ষণীয় ও নান্দনিক করার জন্য যাবতীয় আয়োজন সম্পন্ন করবেন।

**(ঠ) সংস্কৃতি বিষয়ক সহ-সম্পাদক**

সংস্কৃতি বিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সকল কার্যক্রমে সংস্কৃতি বিষয়ক সহ-সম্পাদক একজন আন্তরিক সহযোগী হিসেবে কাজ করবেন। সংস্কৃতি বিষয়ক সম্পাদকের অনুপস্থিতিতে সংসদের ভারপ্রাপ্ত সংস্কৃতি বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(ড) তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক**

তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক বিভাগের বিদ্যমান কম্পিউটার ল্যাব সুবিধার উন্নয়নে কাজ করবেন। শিক্ষার্থীদের মধ্যে যারা এখনো কম্পিউটার ফান্ডামেন্টাল বিষয়ে দক্ষ নন তাদের সকলকে এ বিষয়ে দক্ষ করে তোলার পদক্ষেপ নেওয়া হবে সর্বপ্রথম কাজ। শিক্ষার্থীরা যাতে তথ্য ও প্রযুক্তি বিষয়ে দক্ষ হয়ে উঠেন সেজন্য বিভাগের নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা, পর্যাপ্ত সংখ্যক ভালো কনফিগারেশনের কম্পিউটারের ব্যবস্থা করার জন্য কাজ করবেন। এছাড়াও তথ্য ও প্রযুক্তিবিষয়ক প্রশিক্ষণের জন্য  বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সহযোগীতা চুক্তি করার চেষ্টা করবেন। গবেষণার নিমিত্তে প্রয়োজনীয় সফটওয়্যার যেমন, এসপিএসএস, স্ট্যাটা, এনভিভো, ম্যাক্সকিউডিএ ইত্যাদী ইনস্টল করবেন। তথ্য ও প্রযুক্তিবিষয়ক নৈতিক ও সমকালীন ইস্যু যেমন, এআই, ব্লকচেইন, সাইবার সিকিউরিটি, হ্যাকিং ইত্যাদী নিয়ে মতবিনিময়ের আয়োজন করবেন।

**(ঢ) তথ্য ও প্রযুক্তিবিষয়ক সহ-সম্পাদক**

তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে তিনি পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে কাজ করবেন। তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদকের অনুপস্থিতিতে তিনি সংসদের ভারপ্রাপ্ত তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(ণ) ক্যারিয়ার বিষয়ক সম্পাদক**

বিভাগের শিক্ষার্থীদের জন্য ক্যারিয়ার উন্নয়নে পরিকল্পনা, বিভিন্ন ধরনের ক্যারিয়ার সম্পর্কে ধারণা নেওয়া, দর্শনের বিষয়গুলো কিভাবে বিভিন্ন পেশাদারমূলক কাজের সাথে সম্পর্কযুক্ত তা সামনে তুলে ধরবেন। ক্যারিয়ার বিষয়ক সচেতনতামূলক প্রোগামের আয়োজন করবেন। বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে কলাবোরেশনের মাধ্যমে নির্দিষ্ট জব সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করবেন যাতে শিক্ষার্থীরা সেসব প্রতিষ্ঠানে সরাসরি ইন্টার্নশিপ পরবর্তীতে সেখানে জব করতে পারেন। বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরে কর্মরত অভিজ্ঞ ব্যক্তিদের অভিজ্ঞতা বিনিময়মূলক আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক পদক্ষেপ গ্রহণ করবেন।

**(ত) ক্যারিয়ার বিষয়ক সহ-সম্পাদক**

ক্যারিয়ার বিষয়ক সহ-সম্পাদক ক্যারিয়ার বিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে কাজ করবেন। তার অনুপস্থিতিতে সংসদের ভারপ্রাপ্ত ক্যারিয়ার বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(থ) সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক**

সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক সংসদ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানাদির আপ্যায়ন, সাজসজ্জা ইত্যাদি বিষয়ে দায়িত্ব পালন করবেন। এ ছাড়া সংসদ কর্তৃক কোন সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনার দায়িত্ব পালন করবেন। এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিশেষত সমাজসেবা অধিদপ্তরসহ অন্যান্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সুবিধাদি বিষয়ে অবগত থাকবেন। যাতে প্রযোজ্য ক্ষেত্রে বিভাগের শিক্ষার্থীগণ সেসব সুবিধা ভোগ করতে পারেন সে বিষয়ে পূর্ণ পদক্ষেপ গ্রহণ করবেন। বিশেষ করে যে সব শিক্ষার্থী শারীরিকভাবে প্রতিবন্ধকতার (Physically Challenged) সমস্যায় আক্রান্ত তাদের উন্নয়নে পরিকল্পনা গ্রহণ করবেন ও তা বাস্তবায়নে যথাযথ ভূমিকা রাখবেন।

**(দ) সমাজকল্যাণ বিষয়ক সহ-সম্পাদক**

সমাজকল্যাণ সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে কাজ করবেন। সমাজ কল্যাণ সম্পাদকের অনুপস্থিতে সংসদের ভারপ্রাপ্ত সমাজকল্যাণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(ধ) প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক**

প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক সংসদ কর্তৃক অনুষ্ঠিতব্য কিংবা অনুষ্ঠিত হয়ে যাওয়া কোন বিষয়ের প্রেসনোট প্রস্তুতকরণ ও প্রেরণের কাজ করবেন। প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া হাউজ, সংবাদ সংস্থা বা সাংবাদিক সংগঠন ও বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন। এছাড়া সংসদের প্রকাশনা সংক্রান্ত বিষয়ে দায়িত্ব পালন করবেন। সাহিত্য ও লেখালেখি সংক্রান্ত বিষয়গুলো সংশ্লিষ্ট সম্পাদক মণ্ডলীদের দ্বারা  সম্পাদিত হওয়ার পর সেগুলো প্রকাশনার যাবতীয় উদ্যোগ গ্রহণ করবেন।

**(ন) প্রচার ও প্রকাশনা বিষয়ক সহ-সম্পাদক**

প্রচার ও প্রকাশনা বিষয়ক সহ-সম্পাদক প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে কাজ করবেন। তার অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**(প) গবেষণা ও দপ্তর বিষয়ক সম্পাদক**

গবেষণা ও দপ্তর বিষয়ক সম্পাদক দর্শন ছাত্র সংসদের যাবতীয় দাপ্তরিক নথীসমূহ সংরক্ষণ করবেন। সংসদের সভার সিদ্ধান্ত, অন্যান্য সকল সম্পাদকদের অধীনে সংঘটিত কার্যক্রমের যাবতীয় লিখিত ডকুমেন্টস যেমন, খরচের ভাউচার, অনুষ্ঠানের কর্মপরিকল্পনা, অনুষ্ঠানের বিবরণ, সহযোগীতামূলক চুক্তি, সংসদ কর্তৃক প্রকাশিত সাময়িকী, স্মরণিকা, সংসদের মাসিক ও বার্ষিক প্রতিবেদন ইত্যাদি সংরক্ষণ করবেন। প্রকাশিত সাময়িকী, স্মরণিকা ইত্যাদি যা শিক্ষার্থীদেরকে প্রদানের জন্য নির্দিষ্ট তা গবেষণা ও দপ্তর বিষয়ক সম্পাদক শিক্ষার্থীদের থেকে 'স্বাক্ষরসহ বুঝে পেলাম' মর্মে রেজিস্ট্রার খাতায় রেকর্ড গ্রহণপূর্বক প্রদান করবেন। এ

ছাড়াও তিনি গবেষণায় আগ্রহী শিক্ষার্থী ও নতুন শিক্ষার্থীদেরকে গবেষণায় আগ্রহী করে তোলার জন্য গবেষণা পদ্ধতি বিষয়ে কর্মশালার আয়োজন করবেন। কারো গবেষণা সম্পন্ন হলে বা প্রকাশিত হলে সাহিত্য বিষয়ক সম্পাদকের মাধ্যমে সে বিষয়ে সেমিনারের আয়োজন করবেন।

**(ফ) গবেষণা ও দপ্তর বিষয়ক সহ-সম্পাদক**

তিনি গবেষণা ও দপ্তর বিষয়ক সম্পাদকের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন এবং তার সহযোগী হিসেবে কাজ করবেন। গবেষণা ও দপ্তর বিষয়ক সহ-সম্পাদক উপর্যুক্ত কার্যক্রমসমূহকে সূচারুরুপে সম্পাদনের জন্য গবেষণা ও দপ্তর বিষয়ক সম্পাদককে পূর্ণ সহযোগীতা করবেন এবং তার অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত গবেষণা ও দপ্তর বিষয়ক সহ-সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করবেন।

**(ব) কার্যকরী সদস্য**

সংসদের কার্যকরী সদস্যগণ দর্শন ছাত্র সংসদের সকল কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত থাকবেন। সংসদের বিভিন্ন কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করবেন এবং সংসদের কার্যকরী কমিটি বা সংসদের সহ-সভাপতির দ্বারা নির্দেশিত দায়িত্বসমূহ যথাযথভাবে পালন করবেন।

**(ভ) শ্রেণী প্রতিনিধি**

ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষক প্রত্যেক শিক্ষা বর্ষের শুরুতেই প্রত্যেক ক্লাসের শ্রেণী প্রতিনিধি ভোটের মাধ্যমে নির্বাচন করবেন। নির্বাচিত শ্রেণী প্রতিনিধি বিশেষ কোন পরিস্থিতিতে বিভাগ কিংবা কোর্স শিক্ষকের প্রয়োজনীয় তথ্য সহপাঠীদের সাথে শেয়ার করবেন। বিশেষ পরিস্থিতি বলতে বোঝায় বিভাগের নিয়মিত রুটিন ও কার্যক্রমের বাইরে ব্যতিক্রমি এমন কোন অবস্থা যা তাৎক্ষণিকভাবে জানানোর প্রয়োজন হয়। উল্লেখ্য যে, শিক্ষার্থী কিংবা শিক্ষকদেরকে ক্লাস রুটিন মনে করিয়ে দেওয়া শ্রেণী প্রতিনিধির কাজ নয়। শ্রেণী প্রতিনিধি ক্লাসের বিষয়ে সংশ্লিষ্ট কোর্স শিক্ষকের সাথে জুরুরী প্রয়োজনে যোগাযোগ রাখবেন। কোর্স শিক্ষক কর্তৃক প্রদত্ত গুরুত্বপূর্ণ মেটেরিয়ালস যেমন পুস্তক, প্রস্তকের অধ্যায়, গবেষণা প্রবন্ধ ইত্যাদী সহপাঠী শিক্ষার্থীদের সাথে শেয়ার করবেন। এ ছাড়াও ক্লাসের বিষয়ে কোর্স শিক্ষক কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন। আর দর্শন ছাত্র সংসদে শ্রেণী প্রতিনিধ হিসেবে যথাযথ ভূমিকা পালন করবেন।

**ঘ. প্রার্থী হিসেবে অযোগ্য হওয়ার কারণ**

**(ক)** পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোন রেকর্ড থাকলে, তার জন্য কোন শাস্তিপ্রাপ্ত হলে।

**(খ)** প্রার্থীর কোন অপরাধের রেকর্ড থাকলে যেমন, চাঁদাবাজি, মারামারি, অস্ত্রবাজি ইত্যাদী।

**(৯) সংসদের মেয়াদকাল ও কার্যকরী কমিটি গঠন**

(ক) সংসদের কার্যকরী কমিটির মেয়াদকাল হবে এক বছর এবং প্রতি শিক্ষা বর্ষে একটি নতুন কার্যকরী কমিটি গঠন করা হবে।

(খ) বিভাগের সভাপতি দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষককে নির্বাচন কমিশনার করে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন পরিচালনা কমিটি গঠন করবেন। নির্বাচন পরিচালনা কমিটি সংসদ কার্যকরী কমিটি গঠনের ক্ষেত্রে যেকোন বিষয়ে সিদ্ধান্ত প্রদানে পূর্ণ অধিকার সংরক্ষণ করবেন।

**(১০) কার্যকরী পরিষদ গঠনে নির্বাচন পরিচালনা কমিটির দায়িত্ব সমূহ**

(ক) নির্বাচন পরিচালনা কমিটি নির্বাচন তফসিল ঘোষণার পূর্বেই বৈধ ভোটার নির্ণয়ের স্বার্থে খসড়া ভোটার তালিকা প্রকাশ করবেন। প্রকাশিত তালিকার বিষয়ে আপত্তি নিষ্পত্তি পূর্বক (যদি থাকে) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবেন।

(খ) নির্বাচন পরিচালনা কমিটি নির্বাচনের তফসিল নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সাত দিন পূর্বে নোটিশ আকারে প্রকাশ করবেন।

(গ) ব্যালটের মাধ্যমে প্রত্যক্ষ ভোট গ্রহণ অথবা প্রযোজ্য ক্ষেত্রে ই-ভোটিং ব্যবস্থায় ভোট গ্রহণের মধ্য দিয়ে কার্যকরী কমিটি গঠন করতে হবে।

(ঘ) কোন পদের বিপরীতে শুধুমাত্র একজন প্রার্থী থাকলে নির্বাচন পরিচালনা কমিটি উক্ত প্রার্থীর ব্যালটে না ভোট দেওয়ার ব্যবস্থা করবেন।

(ঙ) নির্বাচন কমিশন নির্বাচন আচরণবিধি প্রণয়ন করবেন।

(চ) নির্বাচন সম্পর্কিত যে কোন সমস্যায় নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**(১১) মনোনয়ন ফরম উত্তোলন ও দাখিল**

(ক) দর্শন ছাত্র সংসদ নির্বাচনে প্রার্থীগণ ঘোষিত নির্দিষ্ট সময়ের মধ্যে মনোয়ন পত্র উত্তোলন করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে নির্বাচনী ইশতেহারসহ মনোয়ন পত্র দাখিল করবেন।

(খ) ঘোষিত নির্দিষ্ট সময়ের মধ্যে প্রার্থীগণ মনোনয়ন পত্র প্রত্যাহার করবেন।

(গ) মনোনয়ন পত্র যাচাই-বাছাই শেষে নির্বাচন কমিশন চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবেন।

## (১২) দর্শন ছাত্র সংসদ নির্বাচন আচরণবিধিমালা

**(ক)** প্রার্থীগণ আচরণবিধি অনুসরণে অঙ্গীকারাবদ্ধ থাকবেন এবং আচরণবিধি লংঘনের দায়ে অভিযুক্ত হবেন।

**(খ)** দর্শন ছাত্র সংসদ নির্বাচনে দলীয় রাজনৈতিক পরিচয় বহন করা, অন্য কোন পরিচয়ে প্রভাব বিস্তার করার, প্রত্যক্ষ কিংবা অপ্রত্যক্ষ ভাবে ভয় ভীতি প্রদর্শন করলে আচরণবিধি লংঘনের দায়ে অভিযুক্ত হবেন ।

**(গ)** দর্শন ছাত্র সংসদ নির্বাচনে ছবি সম্বলিত কোন ধরনের ব্যানার, ফেস্টুন ও এ ধরনের অসামঞ্জস্যপূর্ণ কর্মকাণ্ড যা সংসদের উদ্দেশ্যের সাথে অপ্রাসঙ্গিক সেসব বিষয় আচরণবিধির লংঘন হিসেবে গণ্য হবে ।

**(ঘ)** কোন প্রার্থীর বিরুদ্ধে আর্থিক লেনদেন বা অন্য কোন ধরনের অনৈতিক আদান প্রদানের প্রমাণ পাওয়া গেলে আচরণবিধি লংঘনের দায়ে অভিযুক্ত হবেন ।

**(ঙ)** কোন প্রার্থীর বিরুদ্ধে ভোটার কিংবা অন্য প্রার্থী কর্তৃক এমন অভিযোগ পাওয়া গেলে, অথবা অন্য কোনোভাবে এমন আচরণ নির্বাচন কমিশনের দৃষ্টিগোচর হলে প্রার্থীর প্রার্থীতা বাতিল, পরবর্তী যে কোন নির্বাচনে প্রার্থী হিসেবে অযোগ্য বলে ঘোষিত হতে পারেন ।

## (১৩) দর্শন ছাত্র সংসদ নির্বাচনের আচরণবিধিমালা সম্মত প্রচারণা কৌশল

**(ক)** প্রার্থীগণ কর্তৃক স্ব স্ব পদের জন্য ঘোষিত নির্বাচনী ইশতেহার নিয়ে আলোচনা, পর্যালোচনা, বিতর্ক, পক্ষে- বিপক্ষে যুক্তিপূর্ণ লেখালেখি করতে পারবেন।

**(খ)** ব্যক্তি কিংবা দলে বিভক্ত হয়ে সংসদের গঠনতেন্ত্রর আলোকে সংসদের কার্যক্রমকে কীভাবে এগিয়ে নিয়ে যাবেন সে বিষয়ে ভবিষ্যত কর্মপন্থা ও কর্মপরিকল্পনা শেয়ার করতে পারবেন।

**(গ)** পরিচয়ের স্বার্থে পাসপোর্ট সাইজের সাদা কালো ছবি ব্যবহার করে প্রার্থীর পদ ও ইশতেহার প্রচার করতে পারবেন।

**(ঘ)** নির্বাচনের আগে দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষক কিংবা নির্বাচন কমিশনের যেকোন সদস্য উন্মুক্ত নির্বাচনী বিতর্কের আয়োজন করবেন যেখানে প্রার্থীগণ তাদের নির্বাচনী ইশতেহারের আলোকে তাদের নির্বাচন পরবর্তী পরিকল্পনা প্রকাশ করবেন। বিভাগের শিক্ষার্থী এবং শিক্ষকগণ সেখানে অংশ নেবেন এবং প্রার্থীগণ তাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিবেন।

**(১৪) কার্যকরী সদস্যদের সদস্যপদ বাতিলকরণ প্রসঙ্গে**

**(ক)** দর্শন ছাত্র সংসদের কোন কার্যকরী সদস্য তার অপরাধের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃক শাস্তি প্রাপ্ত হলে তার সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।

**(খ)** পর পর তিনটি কার্যনির্বাহী সভায় কোনো সদস্যের অনুপস্থিতিতে তার সদস্যপদ বাতিল হিসেবে গণ্য হবে।

**(১৫) দর্শন ছাত্র সংসদের ব্যাংক একাউন্ট পরিচালনা**

দর্শন ছাত্র সংসদের ব্যাংক একাউন্ট বিভাগের ও ছাত্র সংসদের সভাপতি (পদাধিকার বলে বিভাগের সভাপতি) পরিচালনা করবেন।

**(১৬) সংসদের সাধারণ সভা ও কার্যনির্বাহী কমিটির সভা**

(ক) প্রতি শিক্ষাবর্ষের সাত জুলাই'র মধ্যে নতুন ও পুরাতন কার্যকরী কমিটির সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে সাধারণ সভার আয়োজন করতে হবে। সাধারণ সভায় মোট সদস্যের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি সভার কোরাম হিসেবে গণ্য হবে। সভায় পুরাতন কার্যকরী কমিটির বার্ষিক প্রতিবেদন ও আয়-ব্যয়ের হিসাব প্রদান করবে এবং ঐ একই সভায় দায়িত্ব গ্রহণের পর নতুন কমিটি সংসদের বার্ষিক বাজেট প্রণয়নের বিষয়ে সাধারণ সদস্যদের মতামত গ্রহণ করবে।

(খ) প্রতি মাসে অন্তত: একবার সংসদের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হতে হবে। পরপর তিনটি কার্যনির্বাহী সভায় কোনো সদস্যের অনুপস্থিতি তার কার্যকরী সদস্যপদ বাতিল হিসেবে গণ্য করা হবে এবং এ ক্ষেত্রে উক্ত অনুপস্থিত সদস্যের নাম সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক যৌথ স্বাক্ষরে সংসদের ভারপ্রাপ্ত শিক্ষককে অবহিত করবেন। সভাপতি সংসদের ভারপ্রাপ্ত শিক্ষকের সুপারিশক্রমে সংশ্লিষ্ট কার্যকরী পরিষদের সদস্য পদ বাতিল ঘোষণা করবেন। এই শূন্য পদ পূরণের জন্য সংসদের কার্যনির্বাহী পরিষদের প্রস্তাবিত সংশ্লিষ্ট বর্ষের একজন শিক্ষার্থীকে ভারপ্রাপ্ত শিক্ষকের সুপারিশক্রমে সভাপতি চূড়ান্ত মনোনয়ন দিবেন।

**(১৭) সংসদের বাজেট প্রণয়ন ও অনুমোদন।**

**(ক)** সংসদের কার্যনির্বাহী কমিটি সংসদের ভারপ্রাপ্ত শিক্ষকের প্রত্যক্ষ সহযোগিতায় নিম্নোক্ত খাতের বিপরীতে চাহিদা মোতাবেক একটি খসড়া বাজেট প্রণয়ন করবে। দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষকের সুপারিশকৃত বাজেট বিভাগীয় কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।

**(খ)** খাত সমূহ

১. প্রবেশিকা অনুষ্ঠান আয়োজন

২. নবীনবরণ অনুষ্ঠান আয়োজন

৩. স্নাতকোত্তর শ্রেণীর বিদায় অনুষ্ঠান

৪. সাহিত্য ও সংস্কৃতি ও বিতর্ক

৫. ক্রীড়া

৬. সংসদ পাঠাগার

৭. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি

৮. বিভাগের জরুরী প্রয়োজন

৯. সংসদ অফিস

১০. বিবিধ

**(গ)** বর্ণিত কোন খাতের আওতায় যে সব কার্যক্রম সম্পাদন করা হবে সে সকল ব্যয় নির্বাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট সম্পাদক সংসদের সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক এর সাথে সম্পৃক্ত থাকবেন। এবং ভারপ্রাপ্ত শিক্ষকের পরামর্শ ও নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সম্পাদক, সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক ব্যয়-কার্য পরিচালনা করবেন।

**(১৮) দর্শন ছাত্র সংসদের ব্যয় নির্বাহের নীতিমালা**

**(ক)** সংসদের সকল ব্যয় বিভাগীয় কমিটির অনুমোদিত বাজেট অনুসারে পরিচালনা করতে হবে। যেকোনো বাজেট বর্হিভূত ব্যয়ের ক্ষেত্রে অবশ্যই বিভাগের সভাপতির মাধ্যমে বিভাগীয় কমিটির অনুমোদনের প্রয়োজন হবে।

**(খ)** দর্শন ছাত্র সংসদের যে কোন খাতের ব্যয় নির্বাহের ক্ষেত্রে ভারপ্রাপ্ত শিক্ষকের পরামর্শ ও নির্দেশনা মোতাবেক সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও অনুষ্ঠান সংশ্লিষ্ট সম্পাদক যৌথভাবে দায়িত্ব পালন করবেন। তবে ক্রীড়া অনুষ্ঠানের ব্যয় নির্বাহের ক্ষেত্রে ক্রীড়া বিষয়ক শিক্ষকের পরামর্শ ও নির্দেশনা মোতাবেক সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও ক্রীড়া সম্পাদক যৌথভাবে দায়িত্ব পালন করবেন। দর্শন ছাত্র সংসদের ভারপ্রাপ্ত শিক্ষক বিষয়টি সমন্বয় করবেন।

**(গ)** সংসদের সকল আর্থিক কর্মকাণ্ড বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ০৭.০৪.২০০৭ তারিখের ২৬৩তম সভায় প্রণীত নীতিমালা অনুসারে করতে হবে। নীতিমালাটি নিম্নরুপ:

১. প্রত্যেকটি বিভাগ ছাত্রদের কাছ থেকে শিক্ষা সহায়ক কর্মকাণ্ডের যে টাকা নেবে তা ছাত্ররা এইজন্য আলাদা নির্ধারিত একাউন্টে সরাসরি জমা দিবে। কোন অবস্থাতেই নগদ টাকা গ্রহণ করা যাবে না।

২. প্রত্যেক বিভাগ কি কি খাতে ছাত্রদের কাছ থেকে টাকা গ্রহণ করবে তা পরিষ্কারভাবে লিপিবদ্ধ করতে হবে এবং কোন কোন খাতে ছাত্ররা কত টাকা নেবে তা ও পরিষ্কারভাবে উল্লেখ থাকতে হবে।

৩. কোন কোন খাতে কত টাকা ব্যয় করা হবে তা বিভাগীয় সভায় অনুমোদন করিয়ে নিতে হবে।

৪. বিভাগ কর্তৃক নির্ধারিত খাতসমূহ ও নির্ধারিত টাকার পরিমান অনুষদের ডিন মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

৫. নির্ধারিত মোট টাকার পরিমান ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের জ্ঞাতার্থে বিভাগীয় নোটিশ বোর্ডে দিতে হবে এবং ছাত্র-ছাত্রীরা এই টাকা পাকা রশিদে অগ্রণী ব্যাংক জাবি শাখার নির্ধারিত একাউন্টে জমা দেবে এবং তার কপি বিভাগে জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করবে।

৬. এই বিভাগে সংগৃহীত টাকার ও খাতওয়ারী ব্যয় বিভাগ কর্তৃক আলাদা ক্যাশ বুকে লিপিবদ্ধ করতে হবে। এবং খরচের ভাউচার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৭. বিভাগের জরুরী প্রয়োজনে সভাপতি ১০% টাকা ব্যয় করতে পারবেন এবং বিষয়টি পরবর্তী বিভাগীয় সভায় রিপোর্ট করতে হবে।

৮. এই প্রেক্ষিতে প্রণীত বাজেটে উল্লিখিত এক খাতের টাকা অন্য খাতে খরচ করতে হলে বিভাগীয় সভায় অনুমোদন থাকতে হবে।

৯. বর্ণিত ক্যাশ বুক ও ভাউচার অভ্যন্তরীণ অডিট টিম কৃর্তক অডিট করা হবে।

১০. প্রতি মাসের শেষে বিভাগীয় সভাপতি ক্যাশ বই সই করবেন।

১১. পরবর্তী বছরের ভর্তি কার্যক্রম শুরু হওয়ার পূর্বেই বৎসরে কোন খাতে কত সংগৃহীত হয়েছিল এবং তার খরচের একটি হিসাব সংশ্লিষ্ট ডিন মহোদয়ের কাছে উপস্থাপন করা হবে যা তিনি উর্দ্ধতন কর্তৃপক্ষের জ্ঞাতার্থে উপস্থাপন করবেন।

**(১৯) দর্শন ছাত্র সংসদের গঠনতন্ত্রের সংশোধন**

সংসদের দুই তৃতীয়াংশ সদস্যের সুপারিশ ক্রমে বিভাগের বিভাগীয় সভার অনুমোদনক্রমে গঠনতন্ত্র সংশোধন করা যাবে।

**(২০) সংসদের গঠনতন্ত্র স্থগিতকরণ বা বিলুপ্তকরণ**

দর্শন বিভাগের বিভাগীয় কমিটি বিশেষ কোন পরিস্থিতে সংসদের গঠনতন্ত্র স্থগিত, বাতিল বা বিলুপ্ত করতে পারবেন।

এই গঠনতন্ত্র অদ্য সেপ্টেম্বর ২০২৪ তারিখ .....বার সকাল ১০:০০টায় অনুষ্ঠিত দর্শন বিভাগের বিভাগীয় কমিটিতে উপস্থাপিত হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

এই গঠনতন্ত্রটি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর হিসেবে গণ্য হবে।

নির্বাচন কমিশন
দর্শন ছাত্র সংসদ নির্বাচন ২০২৪
দর্শন বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

মোহাম্মদ উল্লাহ
(ভারপ্রাপ্ত শিক্ষক, দর্শন ছাত্র সংসদ)
প্রধান নির্বাচন কমিশনার
দর্শন ছাত্র সংসদ নির্বাচন-২০২৪
দর্শন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

অধ্যাপক মো. জহির রায়হান
নির্বাচন কমিশনার
দর্শন ছাত্র সংসদ নির্বাচন-২০২৪
দর্শন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

অধ্যাপক ড. মো. শওকত হোসেন
নির্বাচন কমিশনার
দর্শন ছাত্র সংসদ নির্বাচন-২০২৪
দর্শন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

অধ্যাপক মাহমুদা আকন্দ
নির্বাচন কমিশনার
দর্শন ছাত্র সংসদ নির্বাচন-২০২৪
দর্শন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

অধ্যাপক ড. মো. মুনির হোসেন তালুকদার
সভাপতি, দর্শন ছাত্র সংসদ (পদাধিকার বলে)
সভাপতি, দর্শন বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।